# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ : ২৯ অক্টোবর, ২০০১

স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড

সভাপতি : কর্ণেল মোঃ সাইদুর রহমান, বিপি
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা ক্যান্টনমেন্ট।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম এ এস খান(জি), বিএন – সদস্য
অধিনায়ক
বি এন এস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন জামাল উদ্দিন আহমেদ, পিএসসি – সদস্য
অধিনায়ক(প্রশাসনিক শাখা)
বিমান বাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল মোঃ শাহ আলম – সদস্য
সি এম ই এস(আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৪) বেগম সেলিনা আখতার – সদস্য
সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ

প্রস্তাব নং-১ঃ বিগত ২৯-০৮-২০০১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিগত ২৯ আগস্ট, ২০০১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো। ২৯ আগস্ট, ২০০১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার গৃহীত সিদ্ধান্ত নং-৫ এর আলোকে সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ে সামরিক টেলিফোন সংস্থাপনের ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসকে যে পত্র লেখা হয় তৎপ্রেক্ষিতে সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, উক্ত বিষয়ে সংযোজনাদিসহ সদর দপ্তর লগ এরিয়া, ঢাকা সেনানিবাসে পত্র লেখা হয়েছে।

প্রস্তাব নং-২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জুলাই, ২০০১, আগস্ট, ২০০১ এবং সেপ্টেম্বর, ২০০১ মাসের আয়-ব্যয় সম্পর্কিত হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জুলাই'২০০১, আগস্ট'২০০১ এবং সেপ্টেম্বর'২০০১ মাসের আয়-ব্যয় সম্পর্কীত হিসাব বিবরণী অবলোকন করা হলো ।

প্রস্তাব নং-৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০০-২০০১ আর্থিক সালের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন ।

২য় পৃঃ দ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০০-২০০১ আর্থিক সালের বাৎসরিক আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবলোকন করা হলো। উক্ত আয়-ব্যয় হিসাব বিবরণীর কপি পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জুলাই, ২০০১, আগস্ট, ২০০১ এবং সেপ্টেম্বর, ২০০১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জুলাই'২০০১, আগস্ট'২০০১ এবং সেপ্টেম্বর'২০০১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বায়োকেমিষ্ট্রি এনালাইজার ও রি-এজেন্ট এর সংরক্ষণ এবং অপারেশন থিয়েটারের রোগীদের জন্য রক্ত ও ঔষধ রাখার নিমিত্তে ৮'৫ সি এফ টি দুটি রেফ্রিজারেটর এর ব্যয়ের জন্য ৪৫,৬০০/-(পঁয়তাল্লিশ হাজার ছয়শত) টাকার ঘটনোত্তর অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বায়োকেমিষ্ট্রি এনালাইজার, রি-এজেন্ট সংরক্ষণ এবং অপারেশন থিয়েটারের রোগীদের জন্য রক্ত ও ঔষধ রাখার নিমিত্তে ৮'৫ সি এফ টি দু'টি রেফ্রিজারেটর এর ব্যয়ের জন্য ৪৫,৬০০/-(পঁয়তাল্লিশ হাজার ছয়শত) টাকা ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন প্রদান করা হলো। এ ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের চূড়ান্ত অনুমোদনের জন্য পত্র লেখা হলে উহা স্যামসাং কোম্পানী হতে ক্রয়ের চূড়ান্ত অনুমোদন পাওয়া গিয়েছে মর্মে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার সভাকে অবহিত করেন। এ প্রেক্ষিতে গত ২৩-১০-২০০১ তারিখে মিনিটশীটের মাধ্যমে পি সি বি কর্তৃক অনুমোদনকৃত স্যামসাং কোম্পানীর দু'টি রেফ্রিজারেটর সি এস ডি, ঢাকা সেনানিবাস হতে ৪৫,৪০০/-(পঁয়তাল্লিশ হাজার চারশত) টাকায় ক্রয়ের ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৬ঃ আর্মি কনজারভেন্সী শাখার গাড়ী নং-৭৭৩৭ মিতসুবিসি ক্যান্টার গাড়ীটি মেরামত করার নিমিত্তে গত ০৪-১০-২০০১ তারিখে প্রাপ্ত ৩টি দরপত্রের মধ্যে মেসার্স সিরাজ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর মোট ৭৫,৮৩০/-(পঁচাত্তর হাজার আটশত ত্রিশ) টাকার ঘটনোত্তর অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্তঃ মেসার্স সিরাজ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর মোট ৭৫,৮৩০/-(পঁচাত্তর হাজার আটশত ত্রিশ) টাকার ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৭ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২২-৮-২০০১ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/৩৬-এ/১৩৬ নং পত্রের মাধ্যমে ২০০১-২০০২ আর্থিক সালের জন্য বরাদ্দকৃত সহায়ক অনুদান অবলোকনকরণ।

গৃহীত সিদ্ধান্তঃ ২০০১-২০০২ আর্থিক সালের জন্য বরাদ্দকৃত সহায়ক অনুদানের বিষয়টি অবহিত হওয়া গেল।

৩য় পৃঃদ্রঃ

প্রস্তাব নং-৮ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং বাড়ীর 'এ/৩' নং ফ্ল্যাটটি মিসেস হাসিনা আমির, স্বামী-মেজর জেনারেল সরদার আমির আলী 'এ/৪' নং ফ্ল্যাটটি সজ্জিতা আখতার, স্বামী-ডাঃ মোঃ রেজাউল করিম 'বি-এস/২' নং ফ্ল্যাটটি মিসেস ফরিদা খানম, স্বামী-আলহাজ্ব মোঃ মোশাররফ হোসেন খান 'বি-এস/৪' নং ফ্ল্যাটটি জনাব মোঃ মজিবর রহমান পিতা-মৃত রুহুল আমিন 'বি-এন/১' নং ফ্ল্যাটটি মেজর ডাঃ মোঃ হুমায়ুন(অবঃ) পিতা-মৃত আমিন উদ্দিন আহমেদ 'বি-এন/৩' নং ফ্ল্যাটটি মিসেস আফসানা চৌধুরী, স্বামী-জনাব সালাহউদ্দিন চৌধুরী-এর নিকট হস্তান্তরের অনুমতি প্রদানের আবেদন করেন। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখার এবং বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতসহ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র উপস্থাপন করা হলো। এমতাবস্থায়, উপরোক্ত বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২১ নং বাড়ীর 'এ/৩' নং ফ্লাট মিসেস হাসিনা আমির, স্বামী-মেজর জেনারেল সরদার আমির আলী, 'এ/৪' নং ফ্লাট সজ্জিতা আখতার, স্বামী-ডাঃ মোঃ রেজাউল করিম, 'বি-এস/২' নং ফ্লাট মিসেস ফরিদা খানম, স্বামী-আলহাজ্ব মোঃ মোশাররফ হোসেন খান, 'বি-এস/৪' নং ফ্লাট জনাব মোঃ মজিবর রহমান, পিতা-মৃত রুহুল আমিন, 'বি-এন/১' নং ফ্লাট মেজর ডাঃ মোঃ হুমায়ুন(অবঃ), পিতা-মৃত আমিন উদ্দিন আহমেদ এবং 'বি-এন/৩' নং ফ্লাট মিসেস আফসানা চৌধুরী, স্বামী-জনাব সালাহউদ্দিন চৌধুরী-এর নিকট হস্তান্তরের ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে ফ্লাট হস্তান্তরের নীতিমালা অনুসরণপূর্বক উক্ত ফ্লাটসমূহ হস্তান্তরের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৯ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭১ নং বাড়ীর 'এ/১' নং ফ্লাটটি বেগম শামীমা তৌহিদ স্বামী-জহিরুল তৌহিদ-এর নিকট হস্তান্তরের ব্যাপারে আবেদন করেন। এ ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। উক্ত বিষয়ে প্রকৌশল শাখার এবং বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতসহ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭১ নং বাড়ীর 'এ-১' নং ফ্লাটটি বেগম শামীমা তৌহিদ স্বামী-জহিরুল তৌহিদ-এর নিকট হস্তান্তরের বিষয়টি বোর্ডসভায় বিস্তারিত আলোচনান্তে ফ্লাট হস্তান্তরের নীতিমালার ভিত্তিতে উক্ত ফ্লাটটি হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১০ঃ মেসার্স নেপচুন এডভার্টাইজার্স কর্তৃক স্থাপিত ঢাকা সেনানিবাস এলাকায় ৮০টি মেগা সাইন বোর্ড ২০০১-২০০২ আর্থিক সালের জন্য নবায়নের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। তৎপ্রেক্ষিতে গত ২৯-৮-২০০১ তারিখের বোর্ডসভায় ১৬ নং সিদ্ধান্তের আলোকে ঢাকা সিটি করপোরেশনে বর্তমানে মেগা সাইনের ফি যে হারে আদায় করা হচ্ছে তা অবহিত হয়ে এতদসংক্রান্ত একটি প্রতিবেদন উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বোর্ডসভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তর কর্তৃক একটি কমিটি গঠনের নিমিত্তে পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হলো। গঠিত কমিটিকে বোর্ড কর্তৃক প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করবে।

৪র্থ পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-১১ঃ ঢাকা সেনানিবাসস্থ ০৩(তিন)টি ডিওএইচএস এলাকায় নতুনভাবে ইন্টারনেট/ডিস এন্টিনার ব্যবসার অনুমতি চেয়ে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ০৩(তিন)টি এসোসিয়েশনকে(যথাক্রমে বনানী,মহাখালী এবং বারিধারাতে) এতদ্বিষয়ে তাদের সুনির্দিষ্ট মতামত চেয়ে পত্র লেখা হয়। এ ব্যাপারে বনানী এসোসিয়েশন ব্যতীত অন্য কেহ পত্রের জবাব দেননি। এমতাবস্থায়,উল্লিখিত ০৩(তিন)টি প্রতিষ্ঠানকে ব্যবসার অনুমতি দানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে বনানী ডিওএইচএস এসোসিয়েশনের মতামত উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। এ বিষয়ে ডিওএইচএস মহাখালী এসোসিয়েশন এবং ডিওএইচএস বারিধারা এসোসিয়েশনকে তাঁদের সুস্পষ্ট মতামত প্রদানের নিমিত্তে পুনরায় তাগিদপত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো ।

প্রস্তাব নং-১২ঃ কুর্মিটোলা গলফ ক্লাবে মেসার্স গ্রীণভিউ ট্যাভার্ণ লিঃ কর্তৃক রেষ্টুরেন্ট এন্ড বার পরিচালনার জন্য অনুমতি প্রদানের বিষয়ে আলোচনাও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে স্টেশন সদর দপ্তরের ১৭-৯-২০০১ তারিখের ৬২৪/১/৭২১ নং পত্র এতদসংগে উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে জানা যায় যে,শুধুমাত্র রেষ্টুরেন্ট পরিচালনার ব্যাপারে ক্যান্টনমেণ্ট বোর্ড কর্তৃক ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে। 'বার' পরিচালনার বিষয়ে ক্যান্টনমেণ্ট বোর্ড স্টেশন সদর দপ্তরের মতামত চাওয়ায় স্টেশন সদর দপ্তর লগ এরিয়ার মাধ্যমে সেনাসদরের মতামতের জন্যে পত্র লেখা হয়েছে মর্মে সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন। এ ব্যাপারে সেনাসদর হতে সিদ্ধান্ত পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো ।

প্রস্তাব নং-১৩ঃ ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের ৫০০টি রিক্সা প্লেট তৈরীর জন্য মেসার্স শরীফ এন্ড সন্স কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর ১৬,৫০০/-(ষোল হাজার পাঁচশত)টাকা ঘটনোত্তর অনুমোদনকরণ। এতদ্ব্যাপারে ২৩-৯-২০০১ তারিখে সভাপতি,ক্যান্টনমেণ্ট বোর্ড কর্তৃক অনুমোদিত মিনিটশীট উপস্থাপন করা হলো ।

গৃহীত সিদ্ধান্তঃ মেসার্স শরীফ এন্ড সন্স কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর ১৬,৫০০/-(ষোল হাজার পাঁচশত)টাকা ঘটনোত্তর অনুমোদন করা হলো ।

প্রস্তাব নং-১৪ঃ ১৪-১০-২০০১ তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক মোট ৫০২(পাঁচশত দুই)টি রিক্সার প্লেট নম্বর সরবরাহের জন্য ২৪-১০-২০০১ইং তারিখে মেসার্স মনির এন্ড কোং কর্তৃক প্রদত্ত ১৭,০৬৮/-(সতের হাজার আটষট্টি)টাকার দর অনুমোদনের নিমিত্তে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্বিষয়ে ২৪-১০-২০০১ তারিখের তুলনামূলক বিবৃতি এতদসংগে পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ মেসার্স মনির এন্ড কোং কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর ১৭,০৬৮/-(সতের হাজার আটষট্টি) টাকা ঘটনোত্তর অনুমোদন করা হলো ।

প্রস্তাব নং-১৫ঃ মেসার্স আলেক ইঞ্জিনিয়ার্স-এর প্রতিরক্ষা সনদপত্র জমাকরণের বিষয়ে তদীয় ১১-১০-২০০১ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৫ম পৃঃদ্রঃ

**গৃহীত সিদ্ধান্তঃ** বিষয়টির উপর আলোচনা হয়।আলোচনান্তে ১৫,০০০/-(পনর হাজার)টাকা ঠিকাদারী জামানতের প্রতিরক্ষা সঞ্চয়পত্র জমাকরণপূর্বক সংশ্লিষ্ট ফার্মকে নিয়মিতকরণের নিমিত্তে সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক ফরম পূরণ করতঃ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র প্রাপ্তির ব্যাপারে পত্র লেখা হোক ।

**প্রস্তাব নং-১৬ঃ** ডিওএইচএস মিরপুর-এর কন্টুর ম্যাপ তৈরীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্বিষয়ে সেনাসদর,কিউএমজি শাখা,ঢাকা সেনানিবাসের ২৩-১০-২০০১ তারিখের ৩১১৭/১০/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রটি উপস্থাপন করা হলো ।

**গৃহীত সিদ্ধান্তঃ** সেনাসদর,কিউএমজি শাখা,এমএন্ডকিউ পরিদপ্তর,ঢাকা সেনানিবাসের পত্র অবহিত হওয়া গেল ।বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কন্টুর ম্যাপটি সেনাসদরের সহায়তায় লেভেলিং ইনস্ট্রুমেন্ট ও সাহায্যকারী পাওয়ার পর মিরপুর ৬ এ ডি ব্রিগেড-এর সহায়তায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আগামী ৩০ নভেম্বরের মধ্যে প্রস্তুত করা হোক ।

**প্রস্তাব নং-১৭ঃ** ঢাকা সেনানিবাসস্থ বর্তমান রজনীগন্ধা সুপার মার্কেটের সার্বিক সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে একটি অত্যাধুনিক সুপার মার্কেট নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

**গৃহীত সিদ্ধান্তঃ** শুরুতে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার সমগ্র রজনীগন্ধা সুপার মার্কেটের মাস্টার প্ল্যানের বিস্তারিত বর্ননা করেন।অতঃপর গত ২৩ অক্টোবর,২০০১ তারিখে মার্কেটের 'এ' ব্লক(কাঁচা বাজার ও সুপার মার্কেট) নির্মাণে ক্ষতিগ্রস্ত ২০০(দুইশত)জন দোকানদারের সহিত ক্যান্টনমেন্ট বোর্ডে প্রেসিডেন্ট,ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় দোকানদারদের বিভিন্ন সমস্যা ও দাবীর বিষয়টি উত্থাপন করেন।বিস্তারিত আলোচনান্তে ক্ষতিগ্রস্ত দোকানদারদেরকে মার্কেটের উত্তর-পূর্বাংশের খালি জায়গায় অস্থায়ী ভিত্তিতে পুর্নবাসনের বিষয়টি মানবিক দৃষ্টিকোন থেকে বিবেচনায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। ক্ষতিগ্রস্ত দোকানদারদের নিকট হতে ন্যূনতম সালামীর টাকা ৪(চার)কিস্তিতে গ্রহণ এবং ১ম কিস্তির টাকা তাৎক্ষণিকভাবে বরাদ্দলাভকারীর নিকট হতে গ্রহণসহ প্রতি ৬(ছয়) মাস অন্তর ২য় এবং ৩য় কিস্তির টাকা এবং সর্বশেষ কিস্তির টাকা পরিশোধ করার পরই কেবল দোকান বুঝিয়ে দেয়া হবে। কিন্তু ১ম কিস্তির টাকা প্রদানের পর পরবর্তী কিস্তিসমূহের টাকা যথাসময়ে পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী ১(এক) মাস বিলম্বের জন্য ৫%,২(দুই)মাস বিলম্বের জন্য ১০% এবং ৩(তিন) মাস বিলম্বের জন্য ১৫% হারে সারচার্জ প্রদান করতে হবে।অন্যথায় ১ম কিস্তির টাকা বাজেয়াপ্তসহ দোকান বরাদ্দ বাতিল বলে গণ্য করা হবে।ন্যূনতম সালামীর টাকা প্রতি বর্গফুট ৬,০০০/-(ছয় হাজার) টাকা হিসেবে ধার্য করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।আলোচনান্তে ঢাকা শহরের অত্যাধুনিক অন্যান্য মার্কেটের তুলনায় এ টাকা অত্যন্ত কম বলে মন্তব্য করা হয়।মানবিক দিক বিবেচনান্তে ন্যূনতম সালামী প্রতি বর্গফুট ৬,০০০/-(ছয় হাজার)টাকা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।কনসালটেন্ট নিয়োগসহ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের খসড়াটি সংশোধন ও সংযোজনের মাধ্যমে চূড়ান্ত করার জন্য সি এম ই এস(আর্মি),ঢাকাকে খসড়া কপিটি প্রদান করা হয়।সি এম ই এস(আর্মি) কর্তৃক সংশোধিত খসড়া প্রস্তাবটি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো ।

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-১৮: শহীদ বমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষের বাসার ভাড়া সর্বশেষ বাড়ী ভাড়ার ভিত্তিতে নির্ধারণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে সংশ্লিষ্ট অধ্যক্ষের ০৬-৯-২০০১ইং তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হলো ।

গৃহীত সিদ্ধান্ত: বিষয়টির উপর আলোচনা হলো। আলোচনান্তে জানা যায় যে, বাসস্থানটি কলেজ ক্যাম্পাসে অবস্থিত নয় বিধায় আবেদনটি বিবেচনা করা গেল না। যদি সংশ্লিষ্ট বিদ্যালয়ের অধ্যক্ষ বাসাটি বরাদ্দ নিতে অপরাগতা প্রকাশ করে তবে অন্য কারো নামে বরাদ্দ দেয়া হোক ।

প্রস্তাব নং-১৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের জামানতের টাকা ফেরৎ দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরৎযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত: জামানত ফেরতযোগ্য কাজের তালিকার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের দায়িত্বে নিয়োজিত প্রকৌশলী/ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার যৌথভাবে প্রকল্প/মেরামত কাজগুলির সমাপ্তির ১(এক) বছর পর সম্পাদিত কাজগুলির গুণগতমানের দিক থেকে যথাযথ ও এবটিমুক্ত আছে বলে মতামত ব্যক্ত করায় এবং পরিদর্শন কমিটির মাধ্যমে গৃহীত হওয়ায় ফেরতযোগ্য নিম্নবর্ণিত ০৭(সাত)টি কাজের জামানত অডিট নিরীক্ষান্তে ফেরৎ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো :-

| ক্রমিক নং | কাজের বিবরণ | ফার্মের নাম |
|---|---|---|
| (১) | শহীদ বমিজউদ্দিন কলেজ এলাকায় ২য়শ্রেণীর বাসস্থান নির্মাণকরণ। | = দি এসোসিয়েটস |
| (২) | রজনীগন্ধা সুপার মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষনকরণ। | = মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন |
| (৩) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বিভিন্ন ঘরবাড়ী মেরামত ও রং চুনার কাজ। | = " এস এস এন্টারপ্রাইজ |
| (৪) | সেনানিবাস বাজার এলাকায় ৯১ নং বাড়ীর মেরামত ও ৩য়তলায় ১টি কক্ষ নির্মাণ। | = " ইরা এন্টারপ্রাইজ |
| (৫) | বহুতল ভবন মালবিকার পার্শ্বে খালি জায়গায় এবং এ এফ এম আই-এর উত্তরপার্শ্বের খালি জায়গায়/মাঠে শিশু পার্ক নির্মাণ কাজ। | = " মিলন এন্টারপ্রাইজ |
| (৬) | সেনানিবাস বাজার এলাকার ৪ নং সড়কের পশ্চিম প্রান্তে অসম্পূর্ণভাবে নির্মিত অবশিষ্ট অংশের ড্রেন নির্মাণ । | = " হাবিব এন্ড ব্রাদার্স |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ড্রেনের নীচ হতে পানির লাইন উঠিয়ে পুনঃস্থাপনকরণ। | = " হাবিব এন্ড ব্রাদার্স |

প্রস্তাব নং-২০: ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সরবরাহকৃত পানি ব্যবহারকারী গ্রাহকগণ যারা বারবার তাগিদ দেয়া সত্ত্বেও বিল পরিশোধ করছেন না তাদের নিকট হতে বকেয়া বিল আদায় প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সরবরাহকৃত পানি ব্যবহারকারী গ্রাহকগণ যারা বারবার তাগিদ দেয়া সত্ত্বেও বিল পরিশোধ করছেন না তাদেরকে ৩০(ত্রিশ) দিনের সময় দিয়ে চূড়ান্ত নোটিশ প্রদান করা হোক। নোটিশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে পানির বিল পরিশোধ না করলে পানির সংযোগ লাইন বিচ্ছিন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো ।

প্রস্তাব নং-২১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | ঢাকা সেনানিবাসস্থ প্রধান সড়ক শহীদ সরণির উভয়পার্শ্বে ফুটপাত ভাঙ্গা স্লাব পরিবর্তনকরণ । | = ৫,৪০,৬৮২/-টাকা | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স | ৩৪.০০% উর্দ্ধে |
| (২) | ঢাকা সেনানিবাসে মিরপুর ডিওএইচএস এর ১ম ধাপের প্লটসমূহের পিলারিং-এর মধ্যে সার্ভেসহ ১০০০টি সীমানা খুঁটি নির্মাণকরণ। | = ২,১৪,৫৮০/- " | " ইউনিক কনসাল্টিং সার্ভিসেস | ৩৮.০০% উর্দ্ধে |
| (৩) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অভ্যন্তরিন ড্রেন নির্মাণসহ সংশ্লিষ্ট ভবনের উত্তর ও পশ্চিমাংশে মেরামত ও রং করার কাজ । | = ২,২৩,৮৩০/- " | " আমিন ব্রাদার্স। | ২৫.০০% উর্দ্ধে |
| (৪) | বারিধারা ডিওএইচএস আবাসিক প্রকল্পের অসম আকৃতির এবং দ্বিতীয় ধাপের ৫৪৮,৫৪৮/এ,৪৪৩/এ,৫৪৩/এ ৫৪৪,৫৪৪/এ,৩৫৮ নং প্লটসমূহে মাটি ভরাটকরণ । | = ৭,৯৫,৪১২/- " | " এস আলম এন্টারপ্রাইজ। | ৪০.৭৫% উর্দ্ধে |
| (৫) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের উত্তর পার্শ্বের কাজটি পিসিসিকরণ । | = ২৯,৩২১/- " | " মহি এন্ড ব্রাদার্স। | ৩১.০০% উর্দ্ধে |
| (৬) | বনানী ডিওএইচএস এলাকার ১০০/বি নং প্লট উন্নয়নকরণ । | = ৩,২৬,২৭৫/- " | " জি এম ট্রেডার্স। | ৩৯.৫০% উর্দ্ধে |
| (৭) | মহাখালী ডিওএইচএস পার্কের দক্ষিণপার্শ্বে ও ১১ এবং ৩৫ নং রোডে নিরাপত্তা বাতি স্থাপনকরণ । | = ২৪,১১১/- " | " এম আর আমিন ট্রেডার্স । | ১২.০০% উর্দ্ধে |
| (৮) | ক্যান্টনমেন্ট বোর্ডের বিদ্যুৎ শাখায় নিয়োজিত পিকআপ গাড়ী মেরামতকরণ । | = ৯,৮৫০/- " (ননসিডিউল) | " হাবিব এন্ড সন্স গোঃ । | ১৩,৬২০.০০ |
| (৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ২৫/এ এর দোতলার পূর্ব পার্শ্বস্থ ফ্লাট মেরামত ও রং চুনার কাজ । | = ৪৫,৫৬২/- " | " তাহের এন্টারপ্রাইজ। | ২৬.৭৫% উর্দ্ধে |
| (১০) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-১১/সি এর পার্শ্বে প্লট নং-২৮২/বি এর মধ্যে বিদ্যমান আর সি সি পাইপ ড্রেন পরিত্যক্ত করিয়া উত্তর-পশ্চিম পার্শ্ব দিয়া আর সি সি পাইপ ড্রেন নির্মাণকরণ বাড়ীসহ)। | = ৪,২৭,৩৩২/- " | " দিলদার এন্টারপ্রাইজ | ৩১.২৫% উর্দ্ধে |
| (১১) | বনানী ডিওএইচএস এলাকায় ১০৯ নং প্লট উন্নয়নকরণ। | = ৩,৭৪,৮৫৪/- " | " সিফাত এন্টারপ্রাইজ | ২৯.০০% উর্দ্ধে |

৮ম পৃঃদ্রঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১২) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণি এক্সিং-এ যানবাহন সংকেত একটি অটো সিগন্যাল হেড সরবরাহ এবং স্থাপন ও হাজী মহসিন এক্সিং-এ যানবাহন সংকেত মেরামতকরণ। = | ৩৫,৯৯৫/-টাকা (নন-সিডিউল) | মাইএক্স ইলেকট্রনিক্স লিঃ | ৩৫,৯৯৫/-টাকা |
| (১৩) | আদমজী ক্যান্টনমেন্ট কলেজ ক্যাম্পাসে এবং ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন বাস ভবনের সম্মুখে খেলাধুলার সরঞ্জামাদি (স্লিপার-সি'স) তৈরী ও স্থাপনকরণ। = | ৪৩,৫৩৪/- " | মেসার্স জি এম ট্রেডার্স | ২৯.০০%উর্ধ্বে |
| (১৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭ নং বিল্ডিং(সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর)-এর নতুন অংশের ৩য় তলা নির্মাণের প্রয়োজনীয় নকশা প্রস্তুত ও সরবরাহকরণ। = | ১০,০০০/- " | মেসার্স ইউনিক কনসালটিং সার্ভিসেস | ১০,০০০/-টাকা |

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বোর্ডের কারিগরী সদস্য সি. এম ই এস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে এম ই এস-এ চলমান অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজগুলির সর্বনিম্ন দর নির্ধারণ করা হয়েছে। ক্রমিক নং-১(এক) হতে ১৪(চৌদ্দ)টি প্রকল্প/মেরামত কাজের সর্বনিম্ন ভেটিংকৃত দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। ক্রমিক নং-৭,৮,৯,১২, এবং ১৪ মোট =৫(পাঁচ)টি মেরামত কাজের ব্যয় বোর্ডের রক্ষণাবেক্ষন তহবিল হতে নির্বাহ করা হবে বলে ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার সভাকে অবহিত করেন। অবশিষ্ট ক্রমিক নং-১,২,৩,৪, ৫,৬,১০,১১ এবং ১৩ মোট =৯(নয়)টি প্রকল্পের সর্বনিম্ন দর সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হোক।

(১) ২০(বিশ)% উর্ধ দর অনুমোদিত
(২) ২০(বিশ)% উর্ধ দর অনুমোদিত
(৩) ১২(বার)% উর্ধ দর অনুমোদিত
(৪) ২৫(পঁচিশ)% উর্ধ দর অনুমোদিত
(৫) ২২(বাইশ)% উর্ধ দর অনুমোদিত
(৬) ২০(বিশ)% উর্ধ দর অনুমোদিত
(৭) ৮(আট)% উর্ধ দর অনুমোদিত
(৮) ১৩,৬২০/-(তের হাজার ছয়শত বিশ)টাকার দর অনুমোদিত
(৯) ১৬(ষোল)% উর্ধ দর অনুমোদিত
(১০) ২০(বিশ)% উর্ধ দর অনুমোদিত
(১১) ২২(বাইশ)% উর্ধ দর অনুমোদিত
(১২) ৩৫,৯৯৫/-(পঁয়ত্রিশ হাজার নয়শত পঁচানব্বই)টাকার অনুমোদিত
(১৩) ২২(বাইশ)% উর্ধ দর অনুমোদিত
(১৪) ১০,০০০/-(দশ হাজার)টাকার দর অনুমোদিত।

সংশ্লিষ্ট ঠিকাদার বোর্ডসভায় অনুমোদিত দরে কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক-৭,৮,৯,১২ এবং ১৪=৫টির কার্যাদেশ দেয়া হোক। অবশিষ্ট ক্রমিক নং-১,২,৩,৪,৫,৬,১০,১১,১৩=৯টি কাজের সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হোক।

৯ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পসমূহের মূল্যানুমান অনুমোদনকরণঃ-

(১) শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষের বাসস্থানের পানি, বিদ্যুৎ ও সেনিটারী লাইন পুনঃস্থাপনকরণ। = ২৯,৫৬৪/-টাকা

(২) শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ল্যাবরেটরীর জন্য বুনসন বার্ণার সরবরাহ ও স্থাপন। = ১৯,৯৩৮/- "

(৩) শহীদ মইনুল রোডের সড়কদ্বীপের অচল মারকারী লাইট সচলকরণ। = ১৭,৪৯৫/- "

(৪) বারিধারা ডিওএইচএস এলাকার ডেসা কর্তৃক নতুন স্থাপিত পোলে নিরাপত্তা বাতি স্থাপনকরণ। = ১,৫০,২৫০/- "

(৫) বারিধারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ণ রোড ও উত্তর দিকের প্রবেশ রাস্তার ছোট-বড় গর্ত মেরামত ও কার্পেটিংকরণ। = ৩৫,৮১৪'৫১ "

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১(এক) হতে ৫(পাঁচ)টি প্রকল্প/মেরামত কাজের মূল্যানুমান সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। ক্রমিক নং-৪ ও ৫-এর মূল্যানুমান দুটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হোক। অবশিষ্ট ক্রমিক নং-১,২,৩-এর কাজের ব্যয়ভার বোর্ডের রক্ষণাবেক্ষন তহবিল হতে নির্বাহ করা হবে বলে ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার সভাকে অবহিত করেন।

প্রস্তাব নং-২৩ঃ ঢাকা সেনানিবাসের ডিওএইচএসসমূহ ও বর্ধিত এলাকার বাড়ী নির্মাণের ১৬টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য পেশ করা হলো ঃ

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | গ্রুপ ক্যাপ্টেন এ টি এম গোলাম কিবরিয়া, পিএসসি- | ৫৩১/৪ | বারিধারা ডিওএইচএস | |
| (২) | ক্যাপ্টেন এ এ রহমান(এস), (সিডি), এনডিসি, পিএসসি- | ৫৩৯ | -ঐ- | |
| (৩) | কমান্ডার মোঃ শহিদুর রহমান(সি)বিএন | ৫১৬/৪ | -ঐ- | |
| (৪) | লেঃকর্ণেল এ এস এম শহিদুল হক(অবঃ) | ২৩০ | -ঐ- | |
| (৫) | মেঃজেনাঃমোঃআবদুল মতিন, এনডিইউ, পিএসসি | ২৩৬ | -ঐ- | |
| (৬) | জনাব এ এন এম শফিকুর রহমান ও জনাব মোঃ খলিলুর রহমান | ৩৩১ | -ঐ- | |
| (৭) | ব্রিগেঃজেনাঃফখরুদ্দিন হায়দার, পিএসসি | ১৬৮ | -ঐ- | |
| (৮) | ব্রিগেঃজেনাঃমোহাম্মদ আবদুল মুবীন, পিএসসি | ১৬৬ | -ঐ- | |
| (৯) | মিসেস পিয়ারা বেগম গং | ৪১৬ | -ঐ- | সংশোধিত |
| (১০) | লেঃকর্ণেল খান মোঃ এনায়েত হোসেন | ৪০৭/১ | -ঐ- | -ঐ- |
| (১১) | মেঃজেনাঃএার এ এম গোলাম মোক্তাদির(অবঃ) | বি/১৮৬ | মহাখালী ডিওএইচএস | -ঐ- |
| (১২) | জনাব মীর মাতোব আলী | ১১/এ | বনানী ডিওএইচএস | -ঐ- |
| (১৩) | জনাব মোঃ তাফাজ্জল হোসেন গং | ১৩৫(আংশিক) | লালাসরাই | |
| (১৪) | মীর আমীর হোসেন ও রোকেয়া ইসমাইল | ৫০(আংশিক) | -ঐ- | |
| (১৫) | মোঃ আবুল বাসার সরকার | ১৫৯(আংশিক) | -ঐ- | |
| (১৬) | ডাঃমোঃআব্দুর রশিদ ও মোঃ মোহিনুর মাবুদীর | ১২৩(আংশিক) | -ঐ- | সংশোধিত |

গৃহীত সিদ্ধান্তঃ অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

১০ম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-২৪ঃ ঢাকা সেনানিবাসে রাওয়া কমপ্লেক্সের নকশা অনুমোদন ফি বাবদ মোট ৮,৫২,৫০৭/-(আট লক্ষ বায়ান্ন হাজার পাঁচশত সাত)টাকা মওকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থার ১৬-১০-২০০১ইং তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ঢাকা সেনানিবাসে 'রাওয়া কমপ্লেক্সের' নকশা অনুমোদন ফি বাবদ মোট ৮,৫২,৫০৭/-(আট লক্ষ বায়ান্ন হাজার পাঁচশত সাত)টাকা মওকুফের বিষয়টি বিবেচনা করা গেল না। উক্ত টাকা জমা করা না হলে অনুমোদিত নকশা বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো ।

প্রস্তাব নং-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিদ্যালয়সমূহের নিম্নলিখিত জুনিয়র শিক্ষিকা ও কর্মচারী সাম্প্রতিক মৃত্যুবরণ করেছেন(ইন্নালিল্লাহে------রাজেউন)ঃ-

| ক্রমিক নং | নাম ও পদবী | কর্মস্থল | মৃত্যুর তারিখ |
|---|---|---|---|
| (১) | বেগম জোছনা বেগম,জুনিয়র শিক্ষিকা | শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | ০৭-৭-২০০১ইং |
| (২) | বেগম খালেদা খানম -ঐ- | মুসলিম মডার্ণ একাডেমী | ২১-৮-২০০১ইং |
| (৩) | জনাব মোঃ মফিজউদ্দিন,পিয়ন | শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | ২৫-৯-২০০১ইং |
| (৪) | " মোঃ শহিদ মিয়া,চৌকিদার | ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়,মিরপুর | ১১-১০-২০০১ইং |

উপরোক্ত কর্মচারীগণের মৃত্যুতে তাদের রূহের মাগফেরাত কামনাসহ তাদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করে শোক প্রস্তাব গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ শোক প্রস্তাব অনুমোদন করা হলো ।

প্রস্তাব নং-২৬ঃ বিবিধ ।

(ক) ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্প/মেরামত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণঃ-

| ক্রমিক নম্বর | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস্-১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | শিখা অনির্বানের সামনের গ্রীল,ফুটপাত ঈদগাহ মাঠের গ্রীল,এমইও অফিসের বাউন্ডারী,ওভার হেড ট্যাংক,ক্যান্টঃ জেনারেল হাসপাতালের বাউন্ডারী রংকরণ। | = ৭৩,১০০/-টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ২২% উর্ধ্বে |
| (২) | শহীদ সরণি,স্বাধীনতা সরণির ফুটপাত গাছের গোড়া,এয়ার হেডকোয়ার্টার,এয়ার হাউজের সামনের পার্ক,শাহীন স্কুল,ওয়ার্কশপ আর আই এস ও কুর্মিটোলা শাহীন কলেজের পার্শ্বে বাসস্ট্যান্ড রংকরণ। | = ১,০৫,৪০০/- " | " এস আলম এন্টারপ্রাইজ | ২৪% উর্ধ্বে |
| (৩) | শহীদ জাহাংগীর গেট,মঈনুল রোড, সেনাসদরের সামনের আইল্যান্ড,ট্রাফিক পোস্ট,ডিভাইডার,স্টাফ রোডের পার্ক, শহীদ সরণির সকল সাইন বোর্ড(এমপি চেকপোস্টের সকল সাইন বোর্ডসহ) রং করা ও লিখা । | = ১,৭৫,৮০০/- " | " জি এম ট্রেডার্স | ২২.৫০%উর্ধ্বে |
| (৪) | শহীদ সরণির উভয়পার্শ্বের প্রতিরক্ষা বাতির বৈদ্যুতিক পোল রংকরণ। | = ৫৩,৭০০/- " | " মুনির এন্ড কোং | ২১% উর্ধ্বে |

১১তম পৃঃদ্রঃ

| ক্রমিক নম্বর | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (৫) | রোড মার্কিং পেইন্ট ও থিনার সরবরাহকরণ(বার্জার কোম্পানী) | = ৩,৭২,৬০০/-টাকা | বার্জার পেইন্ট বাংলাদেশ | রোড মার্কিং পেইন্ট প্রতি গ্যালন-১০৮১'৯২ =৩,৩৯,৭২২'৮৮টাঃ এবং থিনার টি-৪ প্রতি গ্যালন ৪১৬'৫০ = ১৯,৫৭৫'৫০টাঃ সর্বমোট=৩,৫৯,২৯৮'৩৮ |
| (৬) | শহীদ সরণির রোড মার্কিং পেইন্টিং মেশিনের সাহায্যে লাগাইবার লেবার চার্জ। | = ৯৪,১০৬/- " | প্রেস্টিজ ইমপোর্টস | প্রতি বঃফুঃ২'৬০টাঃ হিসেবে- =১,২২,৩৩৭'৮০টাঃ |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/এ নং বাড়ীর নীচতলা মেরামত ও রং চুনার কাজ। | = ৪০,২৮০/- " | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ২৭% উর্ধ্বে |
| (৮) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষের বাসা, ক্যান্টঃবাজার এলাকাস্থ ৪৮/এ নং কোয়ার্টারের নীচতলার উত্তর এবং চারতলার দক্ষিণ পার্শ্বস্থ কোয়ার্টার মেরামত ও রং চুনার কাজ। | = ৪১,৪০০/- " | মেসার্স আমিন ব্রাদার্স | ২০% উর্ধ্বে |
| (৯) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের পশ্চিম দিক দিয়া বিপদজনক পারাপার বন্ধের জন্য রাস্তার গাইড ওয়ালে গ্রীল স্থাপনকরণ। | = ৪০,৫৭৩/- " | মেসার্স মহি এন্ড ব্রাদার্স | ৩৪'৮৫%উর্ধ্বে |
| (১০) | রজনীগন্ধা অফিসার্স আবাসিক এলাকায় বিদ্যমান শিশুপার্ক সংস্কারসহ নতুন কিছু খেলাধুলার সরঞ্জামাদি তৈরী ও স্থাপনকরণ। | = ৪৮,৫৬০/- " | দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস | ২৬'৯৬%উর্ধ্বে |
| (১১) | শহীদ সরণির ৩(তিন)টি পাবলিক টয়লেটের নির্মাণ কাজ। | =১৬,৬৯,০০৫/- " | মেসার্স শরীফ এন্ড সন্স | ৩৩% উর্ধ্বে |

(খ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণঃ

১। মহাখালী ডিওএইচএস এলাকার লেকের দক্ষিণপার্শ্বে ৩৪টি লন লাইট নিরাপত্তাজনিত কারণে উঠিয়ে শহীদ মঈনুল রোডে স্থানান্তরকরণ ও তদস্থলে ১৮টি পোলসেডসহ ৪'-০" লম্বা টিউব লাইট স্থাপনের নিমিত্তে ১,০১,৪৫১/-(এক লক্ষ এক হাজার চারশত একান্ন )টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

২। শহীদ সরণিস্থ পুরাতন লগ এরিয়া সদর দপ্তরের সন্নিকটেস্থ বাসস্ট্যান্ডের সামনের রাস্তা মেরামত ও কার্পেটিংকরণের নিমিত্তে ৪৮,৯৪৮/-(আটচল্লিশ হাজার নয়শত আটচল্লিশ)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

৩। শহীদ সরণিস্থ বেশ বাশার বাসস্ট্যান্ডের সামনের রাস্তা মেরামত ও কার্পেটিং করণের নিমিত্তে ৩০,৪৯১/-(ত্রিশ হাজার চারশত একানব্বই)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

৪। মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রাস্তা মেরামত ও কার্পেটিংকরণের নিমিত্তে ৪৯,৪৫৪/--(উনপঞ্চাশ হাজার চারশত চুয়ান্ন)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

১২তম পৃঃদ্রঃ

৫। বনানী ডিওএইচএস এলাকার প্লট নং-৫৭/এ এর উন্নয়ন কাজের জন্য ২,২৭,০৫৩/-(দুই লক্ষ সাতাশ হাজার তিপ্পান্ন)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

৬। ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন রাস্তা মেরামত ও কার্পেটিং এবং সিলকোট করণের নিমিত্তে ৪৫,১৫৪/-(পঁয়তাল্লিশ হাজার একশত চুয়ান্ন)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

৭। ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বাহির সাইট রংকরণের জন্য ৩৯,৪৩৩/- উনচল্লিশ হাজার চারশত তেত্রিশ)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

৮। শহীদ সরণির বিভিন্ন জায়গায় মেরামত, কার্পেটিং, সীলকোট, পানি নিস্কাশন, ড্রেন এবং জাহাঙ্গীর গেইটের বাহিরে রোড ডিভাইডার নির্মাণকরণের নিমিত্তে ২৬,৯৭,৬৫৭/-(ছাব্বিশ লক্ষ সাতানব্বই হাজার ছয়শত সাতান্ন)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ ।

(গ) মর্ডাণ ইন্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্ট এর বিল পরিশোধের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্বিষয়ে সংশ্লিষ্ট ফার্মের ২১-১০-২০০১ইং তারিখের আবেদনপত্রটি উপস্থাপন করা হলো ।

(ঘ) স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৮ অক্টোবর, ২০০১ তারিখের ৬১১/৪/এ নং পত্রের মাধ্যমে প্রাপ্ত ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর-এর ছাত্রছাত্রীদের এসএসসি পরীক্ষা/টেস্ট পরীক্ষার ভাল ফলাফলের লক্ষ্যে অভিভাবকবৃন্দের আবেদনপত্রের উপর আলোচনাকরণ ।

(ঙ) ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটের অতিরিক্ত ১১১.১১ বর্গগজ জায়গা ৯৯ বছরের জন্য ইজারা দলিল সম্পাদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে সিডিউল সহ প্রস্তুতকৃত দলিল উপস্থাপন করা হলো।

(চ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আগামী ২১-১২-২০০১ইং তারিখে ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ডে যে কোন করণীয় সম্পর্কে আলোচনাকরণ।

(ছ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৭ নং ভবন(সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর)এর সভাকক্ষ ও অতিথি কক্ষ, কম্পিউটার, মাল্টিমিডিয়া ও শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থাকরণসহ আসবাবপত্র দ্বারা সুসজ্জিতকরণের জন্য ১৫,৫৬,৫০০/- (পনর লক্ষ ছাপান্ন হাজার পাঁচশত)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

(জ) ঢাকা সেনানিবাসের শহীদ সরণিস্থ সেনাভবনের সম্মুখে ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য সিগন্যাল বাতি স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

(ঝ) বারিধারা ডিওএইচএস এলাকায় নির্ধারিত স্থানে কমিউনিটি সেন্টারের নকশা প্রণয়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(ঞ) ঢাকা সেনানিবাসের মিরপুর-১৪ নং সেকশনের নাবিক কলোনীর নিকটস্থ সেনাপল্লী এলাকার অবৈধ দোকান ভাঙ্গা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

১৩তম পৃঃদ্রঃ

(ট) ঢাকা সেনানিবাসের স্বাধীনতা ও শহীদ সরণির সংযোগ স্থলে পশ্চিমপার্শ্বের উলম্ব পোলটি আরো পশ্চিমদিকে সরানো প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(ঠ) ২০০১-২০০২ আর্থিক সালের নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষনের জন্য বৈদ্যুতিক ফিটিংস ক্রয় বাবদ ৪,৬৩,১২৪/-(চার লক্ষ তেষট্টি হাজার একশত চব্বিশ)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

(ড) আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ৩১ আগস্ট, ২০০১ তারিখের ০১০৩/৩৫/হিসাব নং পত্রের প্রেক্ষিতে মারাত্মক দুর্ঘটনা এড়ানোর জন্য শহীদ লেঃ আনোয়ার গার্লস স্কুল এন্ড কলেজের সম্মুখে এবং সেনাভবনের সম্মুখে রিফ্লেকটিভ টেপ সংবলিত রোড ডিভাইডার স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

(ঢ) আর্মি এম পি ইউনিট, ঢাকা সেনানিবাসের ১৮-১০-২০০১ইং তারিখের ০১৫৩/০১/অপস-৩(পার্ট) নং পত্রের প্রেক্ষিতে সেনানিবাসের বিভিন্ন সড়কে ট্রাফিক নিয়ন্ত্রণ কঠোরভাবে পালনের লক্ষে অতিরিক্ত সংখ্যক রোড ডিভাইডার (চৌঙ্গাঁ জাতীয় স্থানান্তরযোগ্য) রং করা ও রিফ্লেকটিভ টেপ সম্বলিত ১০০(একশত)টি চৌঙ্গাঁ স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

ীত সিদ্ধান্তঃ (ক) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস(আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে এম ই এস-এ চলমান অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজগুলির সর্বনিম্ন দর নির্ধারণ করা হয়েছে। নিম্নেবর্ণিত ক্রমিক নং-১(এক) হতে ১১(এগার)টি প্রকল্পে/মেরামত কাজের ভেটিংকৃত সর্বনিম্ন দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। ক্রমিক নং-৫,৬,৯,১১ =৪টি প্রকল্পের সর্বনিম্ন দর অনুযায়ী ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক ঃ-

(১) ৭৩,১০০/-(তিয়াত্তর হাজার একশত)টাকার মূল্যানুমানসহ ৮% উর্ধ দর অনুমোদিত ।

(২) ১,০৫,৪০০/-(এক লক্ষ পাঁচ হাজার চারশত)টাকার মূল্যানুমানসহ ৮% উর্ধ দর অনুমোদিত ।

(৩) ১,৭৫,৮০০/-(এক লক্ষ পঁচাত্তর হাজার আটশত)টাকার মূল্যানুমানসহ ৮% উর্ধ দর অনুমোদিত।

(৪) ৫৩,৭০০/-(তিপ্পান্ন হাজার সাতশত)টাকার মূল্যানুমানসহ ৮% উর্ধ দর অনুমোদিত।

(৫) ৩,৭২,৬০০/-(তিন লক্ষ বাহাত্তর হাজার ছয়শত)টাকার মূল্যানুমানসহ বার্জার রোড মার্কিং পেইন্ট ৩১৪ গ্যালন প্রতি গ্যালন ১০৮১˙৯২টাকা হিসেবে ৩,৩৯,৭২২˙৮৮(তিন লক্ষ উনচল্লিশ হাজার সাতশত বাহাত্তর টাকা আটাশি পয়সা)টাকা এবং থিনার টি-৪=৪৭ গ্যালন প্রতি গ্যালন ৪১৬˙৫০টাকা হিসেব ১৯,৫৭৫˙৫০(উনিশ হাজার পাঁচশত পঁচাত্তর টাকা পঞ্চাশ পয়সা)টাকা অর্থাৎ সর্বমোট ৩,৫৯,২৯৮˙৩৮(তিন লক্ষ উনষাট হাজার দুইশত আটানব্বই টাকা আটত্রিশ পয়সা)টাকার দর অনুমোদিত ।

১৪তম পৃঃ দ্রঃ

(৬) ৯৪,১০৬/-(চুরানব্বই হাজার একশত ছয়)টাকার মূল্যানুমানসহ প্রতি বর্গফুট ১.৩০টাকা হিসেবে ১,২২,৩৩৭.৮০(এক লক্ষ বাইশ হাজার তিনশত সাইত্রিশ টাকা আশি পয়সা)টাকার দর অনুমোদিত।

(৭) ১২(বার)% ঊর্ধ দর অনুমোদিত

(৮) ১৪(চৌদ্দ)% ঊর্ধ দর অনুমোদিত

(৯) ২২(বাইশ)% ঊর্ধ দর অনুমোদিত

(১০) ২২(বাইশ)% ঊর্ধ দর অনুমোদিত

(১১) ২২(বাইশ)% ঊর্ধ দর অনুমোদিত ।

সংশ্লিষ্ট ঠিকাদার বোর্ডসভার অনুমোদিত দরে কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ দেয়া হোক ।

(খ) ১। মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

২। মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

৩। মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

৪। মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

৫। মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

৬। মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

৭। মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

৮। মূল্যানুমান অনুমোদন করা হলো। সি এম ই এস(আর্মি) কর্তৃক ভেটিং করানোর পর চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপুরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

(গ) বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

(ঘ) বিষয়টির উপর আলোচনা হলো। আলোচনান্তে প্রশ্নপত্র অন্যান্য সকল বিদ্যালয়ের সহিত কেন্দ্রীভূতভাবে এবং এসএসসি টেস্ট পরীক্ষার পর কোচিং-এর ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হলো ।

(ঙ) অনুমোদিত

১৫তম পৃঃদ্রঃ

(চ) বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৫০ বছর পূর্তি উৎযাপন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি সাংগঠনিক কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | স্টেশন কমান্ডার ঢাকা সেনানিবাস। | - | সভাপতি |
| (২) | প্রতিনিধি-নৌ-সদর দপ্তর ঢাকা সেনানিবাস। | - | সদস্য |
| (৩) | প্রতিনিধি-বিমান সদর ঢাকা সেনানিবাস। | - | সদস্য |
| (৪) | সি এম ই এস(আর্মি) ঢাকা সেনানিবাস। | - | সদস্য |
| (৫) | প্রতিনিধি-সদর দপ্তর লগ এরিয়া ঢাকা সেনানিবাস। | - | সদস্য |

উপর্যুক্ত কমিটি পরবর্তীতে **এতদ্বিষয়ে একটি** প্রতিবেদন পেশ করবেন।

(ছ) মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

(জ) বিস্তারিত আলোচনান্তে সিগন্যাল বাতি স্থাপনের জন্য ৮৯,৩৮০/-(ঊনানব্বই হাজার তিনশত আশি)টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

(ঝ) বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকায় নির্ধারিত স্থানে কমিউনিটি সেন্টার নির্মাণের বিষয়ে নীতিগত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

(ঞ) বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনায় জানা যায় দোকানগুলোয় সন্ত্রাসীদের আখড়া গড়ে উঠায় এলাকায় বসবাসরত সৈনিকদের নিরাপত্তা বিঘ্ন হচ্ছে। তাই দোকানগুলো উচ্ছেদের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্টেশন সদর দপ্তর এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক,ঢাকা সেনানিবাসে পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হলো।

(ট) বিস্তারিত আলোচনান্তে ১৫,২৩০/-(পনর হাজার দুইশত ত্রিশ)টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো ।

(ঠ) মূল্যানুমান অনুমোদন করা হলো ।

১৬তম পৃঃ দ্রঃ

(ড) বিস্তারিত আলোচনান্তে সংশ্লিস্ট রোড ডিভাইডার স্থাপনের নিমিত্তে ২২,১৪০/-(বাইশ হাজার একশত চল্লিশ)টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো।

(ঢ) বিস্তারিত আলোচনান্তে ১০০টি স্থানান্তরযোগ্য (চৌরঙ্গী জাতীয়) রোড ডিভাইডার স্থাপনের নিমিত্তে ২৫,০০০/-(পঁচিশ হাজার)টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( খোরশেদ আলম চৌধুরী )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্নেল মোঃ সাইদুর রহমান, বিপি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।